

জনতা ব্যাংক লিমিটেড  
প্রকিউরমেন্ট ডিপার্টমেন্ট  
প্রধান কার্যালয়  
৪৮, মতিঝিল বা/এ  
ঢাকা-১০০০।

দরপত্র নং : পিডি/ডিজিএম/২০১০/স্টেশনারী সামগ্রী/তালিকাভুক্তি/প্রেসবিজ্ঞপ্তি/২০১৭

তারিখঃ ০৩.০৪.২০১৭

তালিকাভুক্তির পুনঃ বিজ্ঞপ্তি

জনতা ব্যাংক লিমিটেড প্রধান কার্যালয় এর কোম্পানী এ্যাফেয়ার্স ডিপার্টমেন্ট, সিইও এন্ড এমডি সচিবালয়, ডিএমডি সচিবালয়, জিএম সচিবালয়, প্রকিউরমেন্ট ডিপার্টমেন্ট, সকল রেজিষ্টার্ড ইউনিয়ন অফিস, অফিসার কল্যান সমিতি, মুক্তিযোদ্ধা সংসদ কার্যালয় এবং অন্যান্য অনুমোদিত কার্যালয়ে বিভিন্ন ধরনের স্টেশনারী সামগ্রী(অফিস স্টেশনারী, সান্ড্রি স্টেশনারী, লড্রি স্টেশনারী, পেটি স্টেশনারী, কম্পিউটার স্টেশনারী) সরবরাহের জন্য তালিকাভুক্তির নিমিত্তে এই ধরনের কাজে অভিজ্ঞতাসম্পন্ন প্রতিষ্ঠান সমূহের নিকট হতে গালা সীলমোহরকৃত আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

তালিকাভুক্তির নীতিমালা ও তথ্য সম্বলিত সিডিউল আগামী ১৭.০৪.২০১৭ তারিখ পর্যন্ত নিম্ন স্বাক্ষরকারীর অফিস হতে প্রত্যেক কর্মদিবসে অফিস চলাকালীন সময়ে প্রতিষ্ঠানের নিজস্ব প্যাডে আবেদনসহ নগদ ৳১,০০০/- (এক হাজার) টাকা (অফেরতযোগ্য) মূল্যে সংগ্রহ করা যাবে। আবেদনপত্র খোলার দিন কোন সিডিউল বিক্রি করা হবে না। সিডিউল মোতাবেক প্রস্তুতকৃত আবেদনপত্র আগামী ১৮.০৪.২০১৭ তারিখে বেলা ২:১৫ ঘটিকার মধ্যে ৪৮, মতিঝিলস্থ জনতা ব্যাংকের প্রধান কার্যালয়ের প্রকিউরমেন্ট ডিপার্টমেন্ট (৫ম তলায়) রক্ষিত বাক্সে ফেলতে হবে এবং ঐ দিনই বেলা ২.৩০ ঘটিকার সময় উপস্থিত প্রতিনিধিদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) আবেদনপত্র খোলা হবে। তালিকাভুক্তির কার্যক্রম 'The Public Procurement Rules, 2008' অনুযায়ী পরিচালিত হবে।

ব্যাংক কর্তৃপক্ষ কোন কারন দর্শানো ব্যতিরেকে যে কোন বা সকল আবেদনপত্র গ্রহন বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

(মোঃ মহসীন আলী সরকার)

উপ-মহাব্যবস্থাপক

১৯